

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯১৯

৯/ হাজ (হজ) (খ্ৰু الله عن رسول الله

পরিচ্ছেদঃ তওয়াফে যিয়ারতের পূর্বে হালাল হওয়ার সময় সুগন্ধি ব্যবহার করা।

باب مَا جَاءَ فِي الطِّيبِ عِنْدَ الإِحْلاَلِ قَبْلَ الزِّيَارَةِ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا مَنْصُورٌ يَعْنِي ابْنَ زَاذَانَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ طَيَّبْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَبْلَ أَنْ يُطُوفَ بِالْبَيْتِ بِطِيبٍ فِيهِ مِسْكٌ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ . يُحْرِمَ وَيَوْمَ النَّحْرِ قَبْلَ أَنْ يَطُوفَ بِالْبَيْتِ بِطِيبٍ فِيهِ مِسْكٌ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ يَرَوْنَ أَنَّ الْمُحْرِمَ إِذَا رَمَى الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ يَرَوْنَ أَنَّ الْمُحْرِمَ إِذَا رَمَى جَمْرَةَ الْعَقَبَةِ يَوْمَ النَّحْرِ وَذَبَحَ وَحَلَقَ أَوْ قَصَّرَ فَقَدْ حَلَّ لَهُ كُلُّ شَيْءٍ حَرُمَ عَلَيْهِ إِلاَّ النِسَاءَ وَالطِيبَ وَقَدْ نَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلْى هَذَا مِنْ أَصْحَابِ النَّبِي كُلُّ شَيْءٍ إِلاَّ النِسَاءَ وَالطِيبَ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا مِنْ أَصْحَابِ النَّبِي صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَهُو قَوْلُ أَهْلِ الْكُوفَةِ .

বাংলা

৯১৯. আহমদ ইবনু মানী' (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম- কে ইহরাম বাঁধার পূর্বে এবং ইয়াওমুন্ নাহরে বায়তুল্লাহ তাওয়াফের পূর্বে মিশকে আম্বর মিশ্রিত সুগন্ধি লাগিয়েছি। - ইবনু মাজাহ ২৯২৬, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯১৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আয়িশা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান- সহীহ। অধিকাংশ সাহাবী ও অপরাপর আলিমের এতদনুসারে আমল রয়েছে। তাঁদের অভিমত হলো, ইহরাম পালনকারী ব্যক্তি যখন ইয়াওমুন্ নাহরে (১০ই যুল হিজ্জা) জামরা আকাবায় কঙ্কর মারবে, যবাহ করবে এবং মাথা মুন্ডন বা চুল ছেটে দিবে তখন থেকে ই তার জন্য যা হারাম ছিল তা হালাল হয়ে যাবে, অবশ্য স্ত্রী সম্ভোগ হালাল হবে না। এ হলো, ইমাম শাফিঈ,আ□হমাদ ও ইসহাক (রহঃ) -এর অভিমত। উমার



ইবনুল খান্তাব (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, তার জন্য স্ত্রী সম্ভোগ এবং সুগন্ধি ছাড়া আর সবকিছু হালাল হয়ে যাবে। কিছু সাহাবী ও অপারাপর আলিম এই মত গ্রহণ করেছেন। কূফাবাসী কিছু আলিমেরও এই মত।

English

Aishah narrated:

"I put perfume with musk in it on the Messenger of Allah before he assumed Ihram, and on the Day of An-Nahr before he performed Tawaf around the House."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন